বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মনিরুল ইসলাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) |
| সভার তারিখ | ২৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ |
| সভার সময় | বিকাল ৪:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৬), বাপাউবো, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

গত ২৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বিকাল ৪:০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে পানি ভবনস্থ লেভেল-৬ সম্মেলন কক্ষে বাপাউবো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর ফেব্রুয়ারি, ২০২১ মাসের বাপাউবো'র এপিএ টীমের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায়সকলজোনেরপ্রধানপ্রকৌশলী, বাপাউবো'র এপিএ টীমের সদস্যসহ এপিএ কার্যক্রম সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি গত ২৪/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রনালয়ের এপিএ টীমের মাসিক সভায় এপিএ এর প্রমানক দাখিল বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কিছু পর্যবেক্ষণের কথা সকলকে অবহিত করেন এবং সে মোতাবেক সম্পাদিত কাজ সমূহের প্রমাণক সংরক্ষণ করার জন্য সকলকে অনুরোধ জানান। তৎপরবর্তীতে সভাপতি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) সভায় APAMS সফটওয়্যারের উপর জোনভিত্তিক প্রশিক্ষণ কোর্স আয়োজনের বিষয় নিয়ে আলোচনা করেন। মন্ত্রনালয় এবং বোর্ডের সদর দপ্তর হতে যারা বিভিন্ন জোনে প্রশিক্ষণ কোর্স নিতে যাবেন তাদের থাকার ব্যবস্থা এবং অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রদান করা সহ প্রশিক্ষণ কর্মশালাগুলো সফলভাবে আয়োজনের জন্য সকল জোনের প্রধান প্রকৌশলীগণকে অনুরোধ জানান। এছাড়াও, সভায় সকল জোনের প্রধান প্রকৌশলীগণদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর আওতায় কৌশলগত উদ্দেশ্য এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১। | APAMS সফটওয়্যারের উপর জোনভিত্তিক প্রশিক্ষণের জন্য জারিকৃত সার্কুলার অনুযায়ী সকল জোন প্রশিক্ষণ কোর্স আয়োজন করবে। পানি সম্পদ মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব, প্রশাসন ঢাকা, কুমিল্লা, চট্রগ্রাম, সিলেট, রংপুর, ও ফরিদপুর জোনের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। মন্ত্রনালয় এবং বোর্ডের সদর দপ্তর হতে যারা প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী সেশনের প্রধান অতিথি ও রিসোর্স পারসন হিসেবে বিভিন্ন জোনে যাবেন, তাদের থাকার এবং অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রদান করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন) |
| ২। | সকল জোন তাদের ২০২০-২১ অর্থ-বছরের এপিএ এর খসড়া ২৮/০২/২০২১ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে আপলোড ও দাখিলের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন) |
| ৩। | প্রত্যেক জোন হতে ২০১৯-২০ অর্থ-বছরে এপিএ বাস্তবায়নে কৃতিত্বপূর্ণ পারফরম্যান্সের জন্য ন্যূনতম ১ (এক) জন করে কর্মকর্তা মনোনীত করতে হবে। বর্তমানে বাপাউবো'র এপিএ সার্কেল ও বিভাগীয় দপ্তর পর্যন্ত সম্প্রসারিত হওয়ায় জোন, সার্কেল ও বিভাগ পর্যন্ত মনোনয়ন আসতে হবে। মনোনয়ন চূড়ান্ত হলে স্ব স্ব অফিসের উদ্যোগে প্রণোদনা স্বরূপ ১টি ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা যেতে পারে এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের এতদসংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সকল পর্যায়ে অর্জন করা যেতে পারে । | প্রধান প্রকৌশলী (সকল জোন) |
| ৪। | ক)(১)পূর্বাঞ্চল, বাপাউবো কুমিল্লা এর আওতাভুক্ত "ব্রাহ্মনবাড়িয়া জেলার অন্তর্গত তিতাস নদী (আপার) পুনঃখনন", "ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলায় রাজাপুর নামক স্থানে মেঘনা নদীর বামতীর সংরক্ষণ (১ম সংশোধিত)" এবং "লক্ষীপুর জেলার সদর উপজেলায় রহমতখালী খাল এবং রায়পুর উপজেলায় ডাকাতিয়া নদীর ভাঙ্গন রক্ষাকল্পে তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্প, (২) দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগ্রাম এর আওতাভুক্ত "চট্রগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলামগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন" শীর্ষক প্রকল্প, (৩) উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী এর আওতাভুক্ত চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় মহানন্দা নদী ড্রেজিং ও রাবার ড্যাম নির্মাণ" শীর্ষক প্রকল্প, (8) দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল এর আওতাভুক্ত "বরিশাল জেলায় সাতলা-বাগধা প্রকল্পের পোল্ডার পুনর্বাসন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পসমূহের কাজের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে যাতে নির্ধারিত সময়ে APA লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়।<br>খ) এছাড়াও, ২০২০-২১ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত তালিকা হতে বাদ যাওয়া (১) দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগ্রাম এর আওতাভুক্ত ৫টি প্রকল্প, (২) পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর এর আওতাভুক্ত "রাজবাড়ী শহর রক্ষা (ফেজ-২) (১ম সংশোধিত)" ও "ফরিদপুর জেলায় চর ভদ্রাসন উপজেলাধীন পদ্মা নদীর ডান তীর সংরক্ষণ ও ড্রেজিং" এবং (৩) দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা এর আওতাভুক্ত বাগেরহাট জেলায় সমাপ্তির জন্য নির্ধারিত ২টি প্রকল্পের ক্ষেত্রে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে ভৌত কাজ যথাসময়ে শেষ করে রাখতে হবে। | প্রধান প্রকৌশলী (সংশ্লিষ্ট জোন) |

| | | |
|---|---|---|
| ৫। | এপিএ এর প্রমানক দাখিল বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা সকলকে অবহিত করার লক্ষ্যে যথাশীঘ্র তা মাঠ দপ্তরকে ই-মেইলে প্রেরণ করতে হবে এবং সে মোতাবেক সম্পাদিত কাজ সমূহের প্রমাণক সংরক্ষণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মনিরুল ইসলাম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১২.০৫.০০১.১৯.১৪

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭
০৩ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/ খুলনা/ ফরিদপুর/ চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) সিস্টেম এনালিস্ট, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোঃ আবুল বাশার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

বাপাউবো'র এপিএ টিমের ২০২০-২১ অর্থ-বছরে ফেব্রুয়ারি, ২০২১ মাসের সভা

তারিখঃ ২৫ ফেব্রুয়ারি, ২০২১
সময়ঃ বিকাল ০৪:০০ ঘটিকা
স্থানঃ বাপাউবো সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৬)

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মো: নূরুল ইসলাম সরকার, অতি: প্রধান প্রকৌশলী | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল | 01912-136357 | [signature] |
| ২। | মো: আমিরুল হোসেন, অতি: প্রধান প্রকৌ. | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | 01552360340 | [signature] 25/02/2021 |
| ৩। | এ.কে.এম. অহিদুল ইসলাম, অতি: প্রধান প্রকৌশলী | উত্তর-পূর্বাঞ্চল, পাউবো, সিলেট। | 01714042289 | [signature] 25/02/2021 |
| ৪। | | | | |
| ৫। | | | | |
| ৬। | মো: [illegible], তত্ত্বাবধায়ক প্রকৌশলী | কার্যক্রম পরিদপ্তর | 01727585258 | [signature] |
| ৭। | মো: আবুল কালাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | [illegible], পাঃউঃবো. | 01782613546 | [signature] |
| ৮। | ফেরদৌসি বেগম, পরিচালক | প্রশিক্ষণ পরিদপ্তর | 01913747515 | [signature] 25/02/2021 |
| ৯। | নাসরিন সুলতানা, উপ-সিস্টেম এনালিস্ট (অ.দা.) | সেন্ট্রাল আই সি টি পরিদপ্তর | 01552370249 | Sultana 25/02/2021 |
| ১০। | মহিউদ্দিন আহমদ, সহকারী প্রকৌশলী | প্রশাসন পরিদপ্তর | 01683564671 | [signature] 25/02/2021 |
| ১১। | মো: সাজ্জাদ হোসেন, সহকারী প্রকৌশলী | প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং-এর দপ্তর | 01746328005 | [signature] 25-02-21 |
| ১২। | মো: আমিনুজ্জামান, সহকারী প্রকৌশলী | প্রধান প্রকৌশলীর দপ্তর, বাং পুর. | 01738275015 | [signature] 25.02.21 |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |
| ১৫। | | | | |
| ১৬। | | | | |